



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
১ মিন্টো রোড, রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.৫৬

বিষয়: ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪' উপলক্ষে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা।

১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪' উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

১। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস

চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	১৭/০৩/২০২৪ খ্রি. সকাল ১১:০০ টা
২.	খ	তৃতীয় শ্রেণি-সপ্তম শ্রেণি		

২। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

রচনা প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	জমা দেয়ার শেষ সময়
১.	ক	পঞ্চম-অষ্টম	বঙ্গবন্ধু ও স্বাধীনতা	৮০০	২১/০৩/২০২৪ খ্রি. বিকাল ০৪:০০ টার মধ্যে
২.	খ	নবম-দ্বাদশ	মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা	১০০০	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর/সর্বসাধারণ	স্বাধীনতা পূর্ব ও স্বাধীনতা উত্তর বাংলাদেশ	১২০০	

চিত্রাঙ্কন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে উল্লিখিত তারিখে অনুষ্ঠিত হবে।


রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

শর্তাবলি :

- চিত্রাঙ্কন প্রতিযোগিতার ক্ষেত্রে আর্ট পেপারের অপর পাশে প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং বিদ্যালয়ের নামসহ সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া স্টুডেন্ট আইডি কার্ড এর ফটোকপি জমা দিতে হবে।
- চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাঙ্কনে জলরঙ ব্যবহার করা যাবে না।
- রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে।

৪. রচনাপত্রে প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং ঠিকানাসহ সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। রচনাপত্রের সাথে স্টুডেন্ট আইডি কার্ড এর ফটোকপি (সর্বসাধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) জমা দিতে হবে।
৫. বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ আল-মামুন হাওলাদার, লাইব্রেরিয়ান (মোবাইল নম্বর ০১৭৪৫৩০৭৩২৫), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকার সাথে যোগাযোগ করা যাবে।



১০-০৩-২০২৪

খন্দকার আসিফ মাহতাব

সহকারী পরিচালক

+৮৮০২২২২২২৯৪৮৮

kamp.addpl@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। পরিচালক (সকল);
- ২। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৩। সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৪। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৫। গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ে অবস্থিত সরকারি গণগ্রন্থাগারসমূহ (সকল) এবং
- ৬। সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.৫৬/১ (১)

২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।



১০-০৩-২০২৪

খন্দকার আসিফ মাহতাব

সহকারী পরিচালক